



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৮/১১/২০১৬

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্ন হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ নগরীর বরিশাল সরকারি মহিলা কলেজ কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১০ টায় এবং ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা বিকাল ৩ টায় অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদ এর অধীন ২০ বিভাগে ১,৩৪৫ টি আসনের বিপরীতে মোট ২৪,৩৯১ জন শিক্ষার্থী আবেদন করেছিলেন। ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় ‘খ’ ইউনিটে শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৭৫% এবং ‘গ’ ইউনিটে শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৭৮%। পরীক্ষা চলাকালীন সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সিন্ডিকেট সদস্য সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল এম কে রহমান, সিন্ডিকেট সদস্য বরিশাল বিভাগের বিভাগীয় কমিশনার জনাব মোঃ গাউস, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমানসহ বিভিন্ন প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার সাংবাদিকদের সাথে নিয়ে বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত শেখ হাসিনা হলের কেন্দ্র পরিদর্শন করেন। কেন্দ্র পরিদর্শন শেষে পরিদর্শকগণ ভর্তি পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করেন। ভর্তি পরীক্ষা নির্বিঘ্ন ভাবে সম্পন্ন করার লক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মত একজন ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে ভ্রাম্যমান টিম দায়িত্বরত ছিল। এছাড়াও পরীক্ষার্থীদের অভিভাবকদের জন্য পানীয় জলের ব্যবস্থা গ্রহণ করা হয়। ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় উপাচার্য মহোদয় স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ, সাংবাদিক, পরীক্ষার্থী ও অভিভাবকদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

১৮/১১/১৬
১৬-১১-১৬

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)